[redacted]

[redacted] [redacted] [redacted] [

উদ্বোধন

গাংনীর ব্যাস্ততম উপশহর বাঁশবাড়িয়াতে আড়ম্বর পরিবেশে উদ্বোধন করা হয়েছে ডাচ্ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর ১৫ তম শাখা। আজ রবিবার (২২ মে) দুপুর ডাচ্ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর এই শাখাটির শুভ উদ্বোধন করা হয়।
গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু’র সভাপতিত্বে অনুষ্ঠানে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড কুষ্টিয়া জোনের রিজিওনাল প্রধান এম হাফিজুর রহমান।
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড মেহেরপুর জোনের এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম, মেহেরপুর জোনের সেলস ম্যানেজার ইব্রাহিম মিয়া, গাংনী টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ, বাঁশ বাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর আলমগীর হোসেন, ও গাংনী রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক ডাঃ আল আমীন।
প্রভাষক ওয়াহেদ হোসেন মিন্টু’র সঞ্চালনায় এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দেলোয়ার হোসেন, গাংনী পৌর সভার কাউন্সিলর আছেল উদ্দীন, সাবেক কাউন্সিলর শামসুদ্দীন। এছাড়া এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।
সার্বিক ব্যবস্থায় ছিলেন ডাচ্ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর গাংনী উপজেলার পরিচালক খোরশেদ আলম।
অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন চ্যানেল আই খুদে গানরাজের শিল্পী উদয় বাউলসহ শিল্পীরা।

জাতীয় শিশু পুরস্কার

প্রতিযোগিতায় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় জেলায় শ্রেষ্ট

মেহেরপুরে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় সাংস্কৃতিক ও খেলা ধুলাসহ বিভিন্ন ইভেন্টে অংশ নিয়ে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ১২ টি প্রথম স্থানসহ মোট ২৬ টি পুরুস্কার পেয়ে জেলায় শ্রেষ্ঠ স্থান অর্জন করেছে।
রবিবার (২২ মে) সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী, মেহেরপুর স্টেডিয়াম মাঠ এবং জেলা শিল্পকলা একাডেমীতে জেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলার তিনটি উপজেলা পর্যায়ে প্রতিযোগীতা করে বিভিন্ন বিষয়ে প্রথম স্থান বিজয়ীরা জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

জাতীয় শিশু পুরুস্কার প্রতিযোগিতা-২০২২” এ জেলা পর্যায়ে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রথম স্থান অধিকার করে ১২ জন ১ম স্থান, আরও ১৪ জন শিক্ষার্থী ২য় ও ৩য় স্থান অধিকার কে ছে।
বিদ্যালয়ের ছাত্রী মারদিয়া জামান মম খ বিভাগে লোকসংগীত বিষয়ে উলমাতুন নেছা পূর্ণিমা গ বিভাগে নজরুল সংগীত ও উচ্চাঙ্গ স্গং◌ীত বিষয়ে, রোহানী খাতুন হামদ নাত বিষয়ে খ বিভাগে নওশীন তাবাচ্ছুম গ বিভাগে হামদ নাত বিষয়ে প্রথম স্থান অধিকার করে।
ভরত নাট্যম নৃত্যে গ বিভাগে উর্মিলা খাতুন, সাধারণ নৃত্যে খ বিভাগে তাসনিম জাহান, গ বিভাগে নুসরাত জাহান নুপুর প্রথম স্থান অধিকার করে।
এছাড়া বিজ্ঞান যন্ত্রের উদ্ভাবন/ বিজ্ঞান প্রজেক্ট খ বিভাগে সানিম হোসেন গ বিভাগে আব্দুল্লাহ আল নবী। এবং ১০০ মিটার দৌড় নিশান হোসেন প্রথম স্থান অধিকার করে।

শেষ রক্ষা হলোনা গাংনীর সিহাবের

মামলা থেকে বাঁচতে গার্মেন্টস কর্মী হয়েছিলেন সিহাব। প্রায় ৫ মাস আগে পাড়ি জমিয়েছিলেন ঢাকাতে। ঢাকার একটি গার্মেন্টেস ফ্যাক্টরিতে চাকুরীও নিয়েছিলেন তিনি।
পুলিশের দায়ের করা করা একটি গাঁজা মামলায় গত বুধবার ১৮ মে মেহেরপুর কোর্টে হাজিরা দিতে বাড়ি এসেছিলেন তিনি।
কোর্টে হাজিরা দিয়ে গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের দুরপাল্লার বাসে করে আবারও কর্মস্থলে ফিরছিলেন সিহাব। পথিমধ্যে কুষ্টিয়ার বারমাইল নামক স্থানে শ্যামলী পরিবহনের ওই বাসটি একটি ক্রেনের সাথে সংঘর্ষ হয়। এতে সিহাব হোসেন মারা যান।
শ্যামলী পরিবহন (এনআর) এর সুপারভাইজার আলমগীর জানান, বারমাইল তেল পাম্পের কাছে আসা মাত্রই বিপরীত থেকে আসা একটি ক্রেনের সাথে সরাসরি ধাক্কা লাগে। এতে মারা যায় সিহাব হোসেন নামের ওই যাত্রী। সিহাব হোসেন গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের সাইফুল ইসলামের ছেলে।
উল্লেখ্য, সিহাব হোসেন গাঁজাসহ পুলিশের হাতে ধরা পড়েছিল। এঘটনায় পুলিশ তার নামে মামলা দিয়ে জেল হাজতে প্রেরণ করে। পরে সে এলাকা ছেড়ে ঢাকায় গিয়ে একটি গার্মেন্টস কারখানায় চাকুরি নিয়ে প্রায় ৬ মাস ঢাকাতে বসবাস করছিলেন।

গাংনীতে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সাংস্কৃতি প্রতিযোগীতা

জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ উপলক্ষে বিভিন্ন বিষয়ে সাংস্কৃতি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১৮ মে) সকাল ১০ টার সময় গাংনী অডিটরিয়ামে এ

প্রতিযোগীতার আয়োজন করা হয়।
প্রতিযোগীতার উদ্বোধন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার।
প্রতিযোগীতার বিষয় ছিল কেরাত, হামদ নাত, বিতর্ক, রচনা, হাতের লেখা, কবিতা অঅবৃতি উপস্থিত বক্তৃতা, দেশাত্ববোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, উচ্চাঙ্গ সংগীত, লোক সংগীত, জারী গাস, উচ্চা্গং নৃত্য ও লোক নৃত্য।
গাংনী মাধ্যমিক শিক্ষা অফিস জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ অঅয়োজন করে। এসময় সহকারী মাধ্যমিক অফিসার মনিরুল ইসলাম,
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমসহ বিভিন্ন স্কুলের শিক্ষক প্রতিনিধিবৃন্দ।
গাংনী উপজেলা সন্ধানী স্কুল এন্ড কলেজ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ, প্রি-ক্যাডেট মাধ্যমিক বিদ্যালয়, বামন্দী নিশিপুর এন্ড কলেজ, বাওট সোলাইমানীয় মাধ্যমিক বিদ্যালয়, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এসব প্রতিযোগীতায় অংশ নেন।
এসব অনুষ্ঠানে বিচারকের দায়ীত্বে পালন করেন বাংলাদেশ টেলিভিশন ও রাজশাহী বেতারের শিল্পী গোলাম আম্বিয়া, খুলনা বেতারের শিল্পী মাহবুবা আক্তার বিউটি, সাংবাদিক আমিরুল ইসলাম, ও মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন।

গাংনী থানা পুলিশের অভিযানে ইয়াবাসহ দুজন আটক

অভিযানে ২ জন আসামীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। এসময় ৮ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে।
গত ২৪ ঘন্টার গাংনী থানা পুলিশের অভিযানে ৮ পিচ ইয়াবাসহ এ দু

আসামীকে আটক করেছে বলে জানিয়েছেন মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম।
আটকদের আজ মঙ্গলবার (১৭ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে বড় ভাইকে হত্যার চেষ্টা ছোট ভাইয়ের

পারিবারিক কলহের জের ধরে বড় ভাইকে প্রকাশ্যে দিবালোকে গলাকেটে করে হত্যার চেষ্টা করেছে ছোট ভাই।
ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার বাওট গ্রামের দাশপাড়া এলাকায় আজ মঙ্গলবার (১৭ মে) বেলা পৌণে একটার দিকে।
আহত জামাল উদ্দীন বাওট গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে ও হত্যার চেষ্টা কারী তার ছোট ভাই আলমগীর হোসেন।
আহত জামাল উদ্দীনকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
পরিবারের লোকজন জানান, পরিবারিক কলহের জের ধরে জামাল ও আলমগীরের স্ত্রীর মধ্যে ঝগড়া ঝাটি হয়। স্ত্রীদের মধ্যেকার ঝগড়া ঝাটি শেষ পর্যন্ত দুই ভাইয়ের মধ্যে গড়াই। পরে তারা সংঘর্ষে লিপ্ত হয়। এক পর্যায়ে ঘর থেকে ছুরি এনে বড় ভাইয়ে গলায় পোচ দেয় ছোট ভাই। এসময় সে ঠেকানোর চেষ্টা করলে হাতে, পিঠে ও শরীরের বিভিন্ন অংশে কুপিয়ে জখম করে পালিয়ে যায় সে।
স্থানীয় ইউপি সদস্য নিয়ামত আলী সত্যতা নিশ্চিত করে বলেছেন, আহত জামাল উদ্দীনকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।

[redacted]

[redacted]

সিভিল সার্জন ডাঃ জাওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন, বিষয়টি আমি শুনেছি। টেন্ডার প্রক্রিয়াটির বিষয়টি উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্সের ব্যাপার। আমার কাছে কোন লিখিত অভিযোগ আসলে তদন্ত সাপেক্ষে ব্যাবস্থ্য গ্রহণ করবো।

৩২০ বস্তা ফিড জব্দ, কারখানা সীলগালা

গাংনী উপজেলার ইকুড়িয়া এইচবি ক্যাটল ফিড মিলের বৈধ কাগজপত্র না থাকায় সীলগালা করে দিয়েছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম। এসময় ক্যাটল ফিড মিলের মধ্যে থেকৈ বিভিন্ন কোম্পানীর ক্যাটল ফিডসহ ৩২০ বস্তা ফিড জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। অভিযান চালানোর সময় মিল মালিক হযরত আলী পলাতক ছিল।
আজ সোমবার (১৬ মে) দুপুরের দিকে এ অভিযান চালান তিনি।
এসময় গাংনী উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা আলাউদ্দীন ও গাংনী থানা পুলিশের একটি টীম উপস্থিত ছিলেন।
ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম জানান, এইচ বি ক্যাটল ফিড মিলে অবৈধভাবে পোলট্রি খাবার প্রস্তুত করা হচ্ছে মর্মে সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানের কথা টের পেয়ে কারখানার মালিক হজরত আলী পালিয়ে যায়।
কারখানাটির প্রয়োজনীয় বৈধ কোন কাগজপত্র নেই। এছাড়া বিভিন্ন কোম্পানীর ফিড পাওয়া গেছে যা সম্পুর্ণ বেআইনী।
বিধায় ৩২০ বস্তা ফিড জব্দ করা ছাড়াও কারখানাটি সীলগালা করা হয়েছে। তলব করা হয়েছে কারখানার মালিককে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রি-বার্ষিক কাউন্সিল শুরু

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, শান্তির প্রতিক পায়রা এবং বেলুন উড়িয়ে মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রি-বার্ষিক কাউন্সিল শুরু হয়েছে।
পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাহা উদ্দীন নাসিম এমপি ও প্রধান বক্তা খুলনা বিভাগীয় আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক এমপিসহ সম্মেলনের বিশেষ অতিথি বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য আমিনুল আলম এমপি, পারভীন জামান কল্পনা এমপি, গ্লোরিয়া ঝর্ণা এমপি, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সঞ্চালনায়

সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন, সম্মেলনের সভাপতি মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এমপি। সম্মেলনে উপস্থিত আছেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ ও পাশের জেলার আওয়ামীলীগ নেতৃবৃন্দ। মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যান মাঠে এ সমাবেশ চলছে।
উল্লেখ্য দীর্ঘ ৭ বছর পরে মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলন (ভার্সচুয়্যাল)উদ্বোধন করেছেন বাংলাদেশ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি।